

১৬০২  
২৬/০৬/২০২০

মতাস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর  
তারিখ: ১৬/০৬/২০২০

মতাস্য	মতাস্য
উপ-সচিব (প্রশাসন)	উপ-সচিব (প্রশাসন)
উপ-সচিব	উপ-সচিব
সিও সস/সস/সস	সিও সস/সস/সস

নং-ভিত্তি/কৃষি ও পরিবেশ অঃ অঃ/প্রশা/অঃআঃনিঃ কঃ(১৯৭২-২০১০)/২০১৯-২০/১৮/ ৫৪

তারিখ: ১৭/০৬/২০২০

বিষয়: ১৯৭১-১৯৭২ অর্থবছর থেকে ২০০৯-২০১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি প্রসঙ্গে।  
সূত্র: সিএজি/এএসআর উইং (প্রশা)/২০১৯-২০/১৫/২৬ তারিখ: ১৪/০৬/২০২০খ্রিঃ

১৪-৬  
১০০  
১৬/০৬/২০২০

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের অডিট রিপোর্টে গুরুতর আর্থিক অনিয়মসমূহ অন্তর্ভুক্ত হয়। অডিট রিপোর্টসমূহ বস্তুপত্রের মাধ্যমে জাতীয় সংসদে উপস্থাপিত হয় যা পরবর্তীতে সরকারি হিসাব সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে আলোচিত হয়। রিপোর্টে বহু অডিট আপত্তি ছাড়াও বিপুল সংখ্যক সাধারণ ও অগ্রিম আপত্তি দীর্ঘকাল যাবৎ অনিষ্পন্ন রয়েছে। তন্মধ্যে প্রায় ৮০ ভাগই সাধারণ আপত্তি। অনিষ্পন্ন সাধারণ আপত্তি পর্যালোচনায় দেখা যায় যে,

- আধিকাংশ আপত্তি পদ্ধতিগত, ব্যবস্থাপনা ত্রুটি সংক্রান্ত এবং আর্থিক সংশ্লেষ বিবেচনায় কম গুরুত্বপূর্ণ বিষয় এসব আপত্তি অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়নি। দীর্ঘদিনের পুরাতন এসব আপত্তিসমূহ সময়ের পরিক্রমায় গুরুত্বহীন হয়ে পড়েছে।
- পূর্ণাঙ্গ অনিষ্পন্ন আপত্তিসমূহের নিষ্পত্তিকরণ প্রক্রিয়ার নির্বাহী কর্তৃপক্ষ এবং অডিট অধিদপ্তর উভয়েরই বিপুল জনবল, সময় ও সম্পদ নিয়োজিত রাখতে হচ্ছে। এ সকল আপত্তি নিষ্পত্তিকরণে গৃহীত ফলো-আপ কার্যক্রম যেমন-ব্রডশীট জবাব, ত্রি-পক্ষীয় সভা আয়োজন ও এতদসংক্রান্ত নথি ব্যবস্থাপনায় যে শ্রমঘণ্টা ও অর্থ ব্যয় হয় সে তুলনায় অডিট আপত্তি নিষ্পত্তির হার অনেক কম।
- দীর্ঘদিনের পুরাতন এসকল আপত্তির সাথে জড়িত ব্যক্তিদের সনাক্ত করা কঠিন হয়ে পড়ে। ফলে আধিকাংশ আপত্তি নিষ্পত্তিমূলক কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয় না। এ কারণে চলমান প্রথাগত কার্যক্রম ব্যয় সাশ্রয়ী ও কার্যকর (Cost Effective) বিবেচিত হচ্ছে না।
- অনিষ্পন্ন আপত্তি ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য জনবল ও সম্পদ নিয়োজিত রাখার ফলে সময় উপযোগী মানসম্পন্ন পারফরমেন্স ও ফিন্যান্সিয়াল অডিট কার্যক্রম কালক্রমে মাত্রায় উন্নীত করা সম্ভব হচ্ছে না। এছাড়াও সরকারের ডিজিটাল বাংলাদেশ রূপরেখা বাস্তবায়নের কঠিন সুফল জনগন সঠিকভাবে পাচ্ছে কিনা তা নিশ্চিতকরণের কার্যকর অডিট পরিচালনা করা সম্ভব হচ্ছে না।
- দীর্ঘদিনের পুরাতন আপত্তি অনিষ্পন্ন থাকায় ক্ষেত্রবিশেষে সুস্পষ্ট দায়-দায়িত্ব না থাকা সত্ত্বেও পেনশন প্রাপ্তিতে অনেককে হয়রানির শিকার হতে হয়।

বর্ণিত প্রেক্ষাপটে অডিট অধিদপ্তর ও নির্বাহী কর্তৃপক্ষকে জনবল, অর্থ ও সময়ের সর্বোত্তম ব্যবহার, পেনশন অনুমোদনে ভোগান্তি লাঘব, কৃষি ভিত্তিক ও প্রযুক্তি নির্ভর মানসম্পন্ন পারফরমেন্স ও ফিন্যান্সিয়াল অডিট কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল ১৯৭১-১৯৭২ অর্থবছর থেকে ২০০৯-২০১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি হিসেবে গণ্য করার জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে সিদ্ধান্ত প্রদান করেছেন। এ সিদ্ধান্তের ফলে নির্বাহী কর্তৃপক্ষ এবং অডিট অধিদপ্তর উভয়েরই জনবল ও সম্পদের যৌক্তিক ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত হবে।

উক্ত সিদ্ধান্তের আলোকে ১৯৭১-১৯৭২ অর্থবছর থেকে ২০০৯-২০১০ অর্থবছর পর্যন্ত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে এই পত্রটি হুঁড়াত নিষ্পত্তি পত্র হিসেবে গণ্য হবে। মুখ্য হিসাবদানকারী কর্মকর্তা (Principal Accounting Officer) তাঁর আওতাধীন অফিসসমূহে বিষয়টি অবহিত করবেন। এক্ষেত্রে প্রতিটি আপত্তির জন্য পৃথক নিষ্পত্তি পত্র জারি করা হবে না। তবে আপত্তি সংশ্লিষ্ট বিষয়ে আদালতে কোনো মামলা থাকলে এক্ষেত্রে আদালতের সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

সচিব  
মতাস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
২০/৬/২০২০

মতাস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
সচিবের দপ্তর  
তারিখ: ১৬/০৬/২০২০

আইডি নং	১৪২	১৪/০৬/২০২০
আইডি সচিবের কার্যালয়	২/অঃ	১৪/০৬/২০২০
উপসচিব (প্রশা)	১/৫	১৪/০৬/২০২০
উপসচিব (কৃষি/অডিট/প্রশাসন)	১/৫	১৪/০৬/২০২০
উপসচিব (.....)/সচিব	১/৫	১৪/০৬/২০২০
সচিবের একান্ত সচিব	১/৫	১৪/০৬/২০২০

১৬/০৬/২০২০  
(মোঃ বদিউজ্জামান)  
মহাপরিচালক  
ফোনঃ ০১৩১৯৯৬২০১ (দাপ্তরিক)

তারিখ: ১৭/০৬/২০২০খ্রিঃ

নং-ভিত্তি/কৃষি ও পরিবেশ অঃ অঃ/প্রশা/অঃআঃনিঃ কঃ(১৯৭২-২০১০)/২০১৯-২০/১৮/

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা য়েগোঃ

০১. মতাস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।

০২. সিএজি/এএসআর উইং (প্রশা)/২০১৯-২০/১৫/২৬

০৩. অডিট ভবন

(সুমন কুমার শর্মা)